নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের নিয়ে যেভাবে সলাত আদায় করতেন তোমাদের নিয়ে সেভাবে সালাত আদায় করতে আমি ত্রুটি করবো না।

সাবিত সূত্রে আনাস হতে বর্ণিত, তিনি বলেন, “নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম
আমাদের নিয়ে যেভাবে সলাত আদায় করতেন তোমাদের নিয়ে সেভাবে সালাত আদায় করতে আমি
ত্রুটি করবো না। সাবিত বলেন, আনাস এমন কিছু করতেন যা তোমাদের করতে দেখিনা। তিনি
রুকূ‘ হতে মাথা তুলে দাঁড়িয়ে এত বিলম্ব করতেন যে, কেউ বলত, তিনি (সিজ্দাহ্র কথা) ভুলে গেছেন”।
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

আনাস ইব্নু মালিক রাদয়িাল্লাহু আনহু বলতেন, আমি অবশ্যই সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে যেভাবে আমাদের নিয়ে সলাত আদায় করতে দেখেছি তোমাদের সেভাবেই সলাত আদায় করে দেখাব, যাতে তোমরা তার অনুসরণ কর এবং তার মতো সালাত আদায় করো। সাবিত বুনানী বলেন, আনাস ইব্নু মালিক সালাত পুরো করতে এবং সুন্দর করতে এমন কিছু করতেন যা তোমাদের করতে দেখিনা। ফলে তিনি যখন রুকূ‘ হতে মাথা তুলে দাঁড়াতেন তখন তিনি এত বিলম্ব করতেন যে, দীর্ঘ কিয়ামের কারণে কেউ বলত, তিনি যে রুকু ও সিজদার মাঝে কিয়াম অবস্থায় আছেন তা ভুলে গেছেন। আর যখন তিনি সেজদা থেকে মাথা উঠাতেন এতো সময় অবস্থান করতেন এমনকি দীর্ঘ সময় বসার কারণে কেউ বলত তিনি ভুলে গেছেন।

http://www.sunnah.global/hadeeth/bn/show/3227